# Times Today BD

এসকে সোহেল | খুলনা | 17 July, 2025

গোপালগঞ্জে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) কেন্দ্রীয় নেতাকর্মীদের ওপর আওয়ামী লীগ ও নিষিদ্ধ  ছাত্রলীগের সন্ত্রাসী হামলার প্রতিবাদে বাগেরহাটে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে এনসিপি।বৃহস্পতিবার (১৭ জুলাই) বিকেলে শহরের মিঠাপুকুরপাড় থেকে বিক্ষোভ মিছিল বের করেন জেলার নেতৃবৃন্দ।শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে প্রেসক্লাবের সামনে এসে সমাবেশে মিলিত হয় মিছিলকারীরা।

সমাবেশে বক্তব্য দেন, এনসিপির বাগেরহাট জেলা প্রধান সমন্বয়কারী মোঃ মোরশেদ আনোয়ার সোহেল, এনসিপির যুগ্ম সমন্বয়কারী মোঃ শফিউল্লাহ, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের বাগেরহাট জেলার আহ্বায়ক এসএম সাদ্দাম, ফকিরহাট উপজেলা সমন্বয়কারী মিজানুর রহমান প্রমুখ।

বক্তারা বলেন, গতকাল গোপালগঞ্জে আমাদের নেতাকর্মীদের ওপর পরিকল্পিত হামলা চালানো হয়েছে।এই হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি।বাংলাদেশের গণতন্ত্র পুনরুদ্ধারের লড়াইয়ে যারা সামনে থেকে নেতৃত্ব দিচ্ছেন, তাদের হত্যার চেষ্টা করা হয়েছে।সরকার যদি অবিলম্বে হামলাকারী সন্ত্রাসীদের বিচার না করে, তবে বাংলাদেশের জনগণই তাদের বিচারের কাঠগড়ায় দাঁড় করাবে।যতদিন না দেশ থেকে সন্ত্রাসী আওয়ামী লীগ ও তাদের দোসররা নির্মূল হচ্ছে, ততদিন পর্যন্ত এই লড়াই চলবে।

এনসিপি আওয়ামী লীগ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 12:49

URL: https://timestodaybd.com/public/khulna/7758074932